

রাজধানীর স্কুলগুলোতে নতুন বছরের ক্লাস শুরু

■ সমকাল প্রতিবেদক
 ঢানা ইরতাল-অবরোধের কারণে বাধ্য হওয়ার পর শনিবার থেকে রাজধানীর স্কুলগুলোতে পুরোনো নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হয়েছে। কোনো কোনো বিদ্যালয়ে অবশ্য বৃহস্পতিবার থেকেই ক্লাস শুরু হয়। গতকাল শিক্ষার্থীদের কলকাকনিতে মুখর ছিল প্রতিটি শিক্ষাগণ। ডিকারননিসা নুন স্কুল আন্ড কলেজ, আইডিয়াল স্কুল আন্ড কলেজ, মনিপুর হাইস্কুল, মোহাম্মদপুর প্রিন্সারোটরিসহ প্রতিটি বিদ্যালয়ে সবগুলো ক্লাস অনুষ্ঠিত হয়েছে।

আইডিয়াল স্কুল আন্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম জানান, 'নতুন বছরের বই পেয়েছে ছাত্রছাত্রীরা। ইতিমধ্যে শিক্ষার্থীদের ডায়েরি ও সিলেবাস দেওয়া হয়েছে। বৃহস্পতিবার ক্লাস শুরু করা হয়েছে। এমনকি শিক্ষার্থীদের কথা বিবেচনা করে শনিবার সরকারি ছুটির দিনেও ক্লাস চালানো হচ্ছে। ডিকারননিসা নুন স্কুল আন্ড কলেজের অধ্যক্ষ মঞ্জু আরা বেগম 'সমকালকে বলেন, বৃহস্পতিবার ক্লাস শুরু হলেও সবগুলো পিরিয়ড পেরিন হয়নি। গতকাল প্রতিটি ক্লাস যথারীতি অনুষ্ঠিত হয়েছে। নতুন বছরে রাজনৈতিক সহিংসতা কমে আসবে, শিক্ষার্থীরা নতুন উদ্যমে লেখাপড়া চালিয়ে যেতে পারবে, এমনটাই আশা করছেন শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।